

**এমপিওভুক্তির জন্য Online আবেদন ফরম পূরণের নির্দেশিকা (মাদ্রাসা)-২০২১**

[অনলাইন আবেদন ফরমের তারকা (\*) চিহ্নিত ফিল্ডসমূহ অবশ্যই পূরণ করতে হবে।]

**১. অনলাইনে আবেদন করার পূর্বে নিম্নোক্ত ডকুমেন্ট (PDF ফরমেটে স্ক্যান করে) সংগ্রহ করে রাখতে হবে:**

- এমপিওভুক্তির জন্য প্রার্থিত স্তরে একাডেমিক স্বীকৃতি/অধিভুক্তির আদেশের সত্যায়িত কপি;
- এমপিওভুক্তির জন্য প্রার্থিত স্তরে সর্বশেষ একাডেমিক স্বীকৃতি/অধিভুক্তির নবায়ন আদেশের সত্যায়িত কপি;
- পর্চা (খতিয়ান)/ নামজারি এবং ভূমি উন্নয়ন কর পরিশোধের হালনাগাদ রশিদের কপি;
- এমপিওভুক্তির নিমিত্ত প্রদত্ত তথ্যের সঠিকতা সম্পর্কে প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়নপত্রটি ঐ প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি/গভর্নিংবডি/নির্বাহী কমিটি/এডহক কমিটির সভাপতি ও উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার কর্তৃক প্রতিস্বাক্ষরিত হতে হবে;
- আবেদন ফরমে প্রদানকৃত তথ্যের সঠিকতা সম্পর্কে প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষরিত ঘোষণাপত্র;
- সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সাম্প্রতিক ছবি (960 X 476 Pixel Size) JPG ফরমেটে তৈরি করতে হবে;

**২. বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ (২৩ নভেম্বর ২০২০ পর্যন্ত সংশোধিত/পরিমার্জিত) অনুযায়ী নিম্নোক্ত বিষয়গুলোকে বুঝাবে:**

- সিটি কর্পোরেশন: স্থানীয় সরকার বিভাগ কর্তৃক ঘোষিত এলাকাকে বুঝাবে;
- পৌর এলাকা: স্থানীয় সরকার বিভাগ কর্তৃক ঘোষিত এলাকাকে বুঝাবে;
- মফস্বল: স্থানীয় সরকার বিভাগ কর্তৃক ঘোষিত সিটি কর্পোরেশন ও পৌর এলাকা ব্যতীত অন্যান্য এলাকাকে বুঝাবে;
- স্বীকৃতি: স্বীকৃতি বলতে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ড কর্তৃক কোন প্রতিষ্ঠানের অনুকূলে একাডেমিক স্বীকৃতি প্রদানকে বুঝাবে;
- অধিভুক্তি: অধিভুক্তি বলতে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় বা উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক কোন প্রতিষ্ঠানের অনুকূলে অধিভুক্তিকে বুঝাবে;

**৩. অনলাইন আবেদন ফরম পূরণের ধাপসমূহ:**

- কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের ওয়েবসাইট: [www.tmed.gov.bd](http://www.tmed.gov.bd) ; মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইট: [www.dme.gov.bd](http://www.dme.gov.bd) ; কারিগরি শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইট: [www.techedu.gov.bd](http://www.techedu.gov.bd) এবং ব্যানবেইস এর ওয়েবসাইট: [www.banbeis.gov.bd](http://www.banbeis.gov.bd) যে কোন একটি ওয়েবসাইটের লিংকে প্রবেশ করুন। এমপিওভুক্তির জন্য **Online** আবেদন ফরম-এ ক্লিক করুন;
- Window**-টি খোলার পর নির্দিষ্ট জায়গায় আপনার প্রতিষ্ঠানের **EIIN** প্রদান করুন। অতঃপর **Screen**-এ আপনার প্রতিষ্ঠানের নাম ও ঠিকানাসহ অন্যান্য তথ্যাদি প্রদর্শিত হবে;
- প্রদর্শিত তথ্যাদি সঠিক থাকলে নিচে **Submit** বাটন-এ ক্লিক করুন। অতঃপর নতুন **Window** প্রদর্শিত হবে এবং প্রতিষ্ঠানের মোবাইল নম্বরে **SMS**-এর মাধ্যমে **One Time Password (OTP)** প্রদান করা হবে। **SMS**-এর মাধ্যমে প্রাপ্ত **OTP** নির্দিষ্ট ফিল্ডে এন্ট্রি করুন এবং **Submit** বাটন-এ ক্লিক করুন;

**৪. (ক) এমপিও সফটওয়্যারের অনলাইন আবেদন ফরমের প্রথম অংশের (সেকশন ১: প্রতিষ্ঠানের সাধারণ তথ্য) ফিল্ডসমূহ পূরণ করতে হবে:**

- প্রতিষ্ঠানের যেকোন একটি ধরন (দাখিল, আলিম, ফায়িল ও কামিল) নির্বাচন করুন;
- প্রতিষ্ঠানটি বর্তমানে কোন স্তরে এমপিওভুক্ত আছে তা নির্বাচন করুন;
- বাংলাদেশ জাতীয় সংসদীয় এলাকার নাম ও নম্বর: আপনার শিক্ষা প্রতিষ্ঠান বাংলাদেশ জাতীয় সংসদের যে সংসদীয় এলাকায় অবস্থিত সে সংসদীয় এলাকার নাম ও নম্বর নির্বাচন করুন;
- প্রশাসনিক এলাকার ধরন; প্রতিষ্ঠানটিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের ধরন; ভৌগোলিক অবস্থান; প্রতিষ্ঠানটিতে অধ্যয়নরত অধিকাংশ শিক্ষার্থী কোন অনগ্রসর জনগোষ্ঠীর অন্তর্ভুক্ত- এই চারটি ফিল্ডের জন্য প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রযোজ্য উত্তর নির্বাচন করুন;
- প্রতিষ্ঠানের অবকাঠামো যে ভূমির উপর অবস্থিত তা ঐ প্রতিষ্ঠানের নামে পর্চা (খতিয়ান)/ নামজারি আছে কি-না নির্বাচন করুন;
- প্রতিষ্ঠানটি যুদ্ধাপরাধী ব্যক্তির নামে অথবা ফৌজদারী অপরাধে ২ বছরের বেশি সাজাপ্রাপ্ত ব্যক্তির নামে নামকরণকৃত কি-না নির্বাচন করুন;
- প্রতিষ্ঠানটি একাডেমিক স্বীকৃতি/অধিভুক্তি প্রাপ্ত কি-না নির্বাচন করুন;
- একাডেমিক স্বীকৃতি/অধিভুক্তি হালনাগাদ নবায়ন ১০.১০.২০২১ তারিখ পর্যন্ত আছে কি-না নির্বাচন করুন। অতঃপর **Save** বাটন-এ ক্লিক করুন;

৪. (খ) এমপিও সফটওয়্যারের অনলাইন আবেদন ফরমের দ্বিতীয় অংশের (সেকশন-২: এমপিওভুক্তির জন্য আবেদনের তথ্য) ফিল্ডসমূহ পূরণ করতে হবে:

- (i) এমপিওভুক্তির জন্য আবেদনের স্তর নির্বাচন করুন। অতঃপর **Next Page** বাটন-এ ক্লিক করুন;
৫. **ভর্তিকৃত শিক্ষার্থীর তথ্য:** দাখিল ও আলিম স্তরের ক্ষেত্রে ২০১৮, ২০১৯ এবং ২০২০ সালের শিক্ষার্থীর তথ্য প্রদান করতে হবে। কামিল ও ফাযিল স্তরের ক্ষেত্রে ২০১৭, ২০১৮ এবং ২০১৯ সালের শিক্ষার্থীর তথ্য প্রদান করতে হবে।
৬. **একাডেমিক স্বীকৃতি/অধিভুক্তির হালনাগাদ তথ্য প্রদান করতে হবে:**

- (i) প্রার্থিত স্তরে স্বীকৃতি/অধিভুক্তির তারিখ: 

DD	MM	YYYY
----	----	------
- (ii) প্রার্থিত স্তরে সর্বশেষ স্বীকৃতি/অধিভুক্তির নবায়নের তারিখ: 

DD	MM	YYYY
----	----	------
- (iii) প্রার্থিত স্তরে স্বীকৃতি/অধিভুক্তির মেয়াদ উত্তীর্ণের তারিখ: 

DD	MM	YYYY
----	----	------

৭. সংযুক্তির বিবরণ: সংশ্লিষ্ট সংযুক্তির ঘরে নিম্নবর্ণিত কপিসমূহ PDF আকারে আপলোড করতে হবে:

- (i) এমপিওভুক্তির জন্য প্রার্থিত স্তরে একাডেমিক স্বীকৃতি/অধিভুক্তির আদেশের সত্যায়িত কপি;
- (ii) এমপিওভুক্তির জন্য প্রার্থিত স্তরে সর্বশেষ একাডেমিক স্বীকৃতি/অধিভুক্তির নবায়ন আদেশের সত্যায়িত কপি;
- (iii) পর্চা (খতিয়ান)/ নামজারি এবং ভূমি উন্নয়ন কর পরিশোধের হালনাগাদ রশিদের কপি;
- (iv) সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সাম্প্রতিক ছবি (960 X 476 Pixel Size) JPG ফরমেটে তৈরি করতে হবে;
- (v) আবেদনের জন্য নির্ধারিত ফরমে এমপিওভুক্তির প্রদত্ত তথ্যের সঠিকতা সম্পর্কে প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়নপত্রটি ঐ প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি/গভর্নিংবডি/এডহক কমিটির সভাপতি ও উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার কর্তৃক প্রতীক্ষিত হতে হবে;
- (vi) আবেদন ফরমে প্রদানকৃত তথ্যের সঠিকতা সম্পর্কে প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষরিত ঘোষণাপত্র;
৮. এক বা একাধিক স্তরে এমপিওভুক্তির জন্য আবেদন করা যাবে। একাধিক স্তরে আবেদনের ক্ষেত্রে প্রথম স্তরের আবেদন সম্পন্ন করার পর **Submit Application** বাটন-এ ক্লিক করতে হবে। অতঃপর **EIIN** দিয়ে নতুন ভাবে লগইন (**Login**) করে পরবর্তী স্তরের জন্য আবেদন সম্পন্ন করার পর **Submit Application** বাটন-এ ক্লিক করতে হবে।
৯. **Submit Application** বাটন-এ ক্লিক করার পর আবেদন সম্পন্ন হবে। আবেদন ফরম সঠিকভাবে পূরণ হলে “ধন্যবাদ, আপনার আবেদনটি সফলভাবে সংরক্ষণ করা হয়েছে। আপনি যদি আরো কোনো স্তরে আবেদন/দাখিলকৃত আবেদন সংশোধন করতে চান তাহলে পুনরায় লগইন করে সঠিক তথ্য দিয়ে আবেদন করুন।” **Message** প্রদর্শিত হবে। প্রতি স্তরে আবেদন সম্পন্ন করার পর প্রিন্ট কপি সংরক্ষণ করতে হবে।
১০. এমপিওভুক্তির আবেদন **Submit** করার পর আবেদনের তথ্য প্রয়োজনে সংশোধন (**Edit**) করা যাবে। সেক্ষেত্রে **Online** আবেদন ফরমে পুনরায় **EIIN** দিয়ে লগইন (**Login**) করে প্রথমবারের আবেদনের ন্যায় সংশ্লিষ্ট ফিল্ডের তথ্য সংশোধনের পর **Submit Application** বাটন-এ ক্লিক করে প্রিন্ট কপি সংরক্ষণ করুন।
১১. প্রদর্শিত তথ্য পরিবর্তনের জন্য ০১৫৭১৭৩৭০৩৩, ০১৫৫২৪৯২৭৭৮, ০১৯১৪৮৯০৫০৮, ০১৯৩৬৫৮৩৮৫৬, ০১৭২৩২০৭৫৭৭, ০১৯২৪২১৭৯৪৭ নম্বরে এবং ই-মেইল: [mpo@banbeis.gov.bd](mailto:mpo@banbeis.gov.bd) যোগাযোগ করা যাবে। উল্লেখ্য, প্রতিষ্ঠানের মোবাইল নম্বর সংশোধনের প্রয়োজন হলে সংশ্লিষ্ট উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার কর্তৃক প্রত্যয়নসহ মহাপরিচালক, ব্যানবেইস বরাবর আবেদন [mpo@banbeis.gov.bd](mailto:mpo@banbeis.gov.bd) এ প্রেরণ করতে হবে।

**বিশেষ দৃষ্টব্য:** অনলাইন এমপিও সফটওয়্যারে প্রদর্শিত পরীক্ষার ফলাফল সংক্রান্ত তথ্য মাদ্রাসা শিক্ষা বোর্ড/ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় থেকে প্রাপ্ত। অনলাইন আবেদন ফরমে প্রদর্শিত পরীক্ষার ফলাফল সংশোধন/পরিবর্তনের সুযোগ নেই।